দৈনিক খবর

তারিখ 27 AUG 1988
পৃষ্ঠা ... 1 কলাম 7

094

বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ

# বহিষ্কারাদেশ প্রত্যাহারের কোন অবকাশ নেই

॥ খবর রিপোর্ট ॥

কতিপয় ছাত্রের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কে বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ সুস্পষ্টভাবেই বলেছে যে, বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক সম্পূর্ণ নিয়মতান্ত্রিক পদ্ধতিতে এ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কোন অযৌক্তিক দাবীর প্রেক্ষিতে তা প্রত্যাহারের কোন অবকাশ নেই। গতকাল উপাচার্য প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিষদের এক জরুরী সভায় এ কথা বলা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ে শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং অনশনরত ছাত্রদের স্বাস্থ্য, শিক্ষা ও স্বাভাবিক জীবনের স্বার্থে অবিলম্বে অনশন প্রত্যাহার করার জন্য সংশ্লিষ্ট ছাত্রদের প্রতি আবেদন জানান হয়। ছাত্র, শিক্ষক, অফিসার ও কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ে যে সুন্দর ও সুষ্ঠু শিক্ষার পরিবেশ প্রতিষ্ঠিত হয়েছে তা অক্ষুণ্ণ রাখার সংকল্প পুনর্ব্যক্ত করা হয়। কোন পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কতিপয় ছাত্রের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেন তা সমাবেশ, প্রচারপত্র প্রভৃতির মাধ্যমে সাধারণ ছাত্র, শিক্ষক, কর্মচারী ও জনসাধারণকে অবহিত করার সিদ্ধান্ত নেয়া হয়।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## বহিষ্কারাদেশ প্রত্যাহারের

প্রথম পৃষ্ঠার পর

সভায় পরিবেশ পরিষদের আহবানে সাড়া দিয়ে যদি অনশনকারীরা বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্বার্থে অনশন ভঙ্গ না করেন, তবে পরিবেশ পরিষদের উদ্যোগে শীঘ্রই বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা, কর্মচারীদের এক যৌথ সমাবেশ ও মৌন মিছিলের আয়োজন করারও সিদ্ধান্ত নেয়া হয়। তবে এ সমাবেশ ও মিছিলের কোন তারিখ নির্ধারণ করা হয়নি।

সভায় বিভিন্ন ছাত্র সংগঠনের নেতারা ছাড়াও উপ-উপাচার্য, সকল হলের প্রাধ্যক্ষ, সিনেট ও সিণ্ডিকেটের শিক্ষক প্রতিনিধিবৃন্দ, প্রোক্টর, শিক্ষক সমিতি, অফিসার, কর্মচারী ইউনিয়ন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

### ছাত্রদলের প্রতিবাদ

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্যকে বিভ্রান্তিকর, উদ্দেশ্যপ্রণোদিত ও অসত্য উল্লেখ করে বলেছে, কোন দায়িত্বশীল ব্যক্তি বা মহল এ ধরনের অমানবিক পথ ধরে ছাত্রদের জীবনকে মৃত্যু মুখে ঠেলে দিয়ে পুলক অনুভব করতে পারে না। গতকাল শুক্রবার জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের (ঢাকাস্থ সদস্যদের) এক সভায় এ কথা বলা হয়। এতে সভাপতিত্ব করেন ছাত্রদল সভাপতি আসাদুজ্জামান রিপন।

সভায় বলা হয়, জাতীয়তাবাদী ছাত্রদলের আন্দোলনমুখী চরিত্র ও ভূমিকাকে হেয় করার জন্য সরকারের নীল নক্সা অনুযায়ী বহিষ্কারাদেশ কার্যকর করা হয়। অনশনরত ছাত্রদের দাবী না মেনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কাণ্ডজ্ঞানহীন ভূমিকা প্রদর্শন করেছেন তা শুধু অমানবিকই নয়, পাষাণ্ডতার নামান্তর। বহিষ্কারাদেশ প্রত্যাহারে ঐক্যবদ্ধভাবে ছাত্র, শিক্ষক, কর্মচারীদের প্রতি আহবান জানান হয়।

পিএনপি'র চেয়ারম্যান শেখ শওকত হোসেন নিলু এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে বেগম খালেদা জিয়ার ভুল বুঝাবুঝিতে দুঃখ প্রকাশ করেছেন। তিনি মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে নয়জন ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহার করে নেয়ার আহবান জানান।

ছাত্রনেতা নিরুসহ ৯ জনের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে গতকাল কদমতলীর মোড়ে কদমতলী ছাত্রদলের উদ্যোগে এক জনসভা করা হয়েছে।

এতে প্রধান অতিথি ছিলেন জাতীয়তাবাদী যুবদল সভাপতি মির্জা আব্বাস। বক্তব্য রাখেন জিয়া পরিষদ সভাপতি কবির মুরাদ, ছাত্রদল নেতা আবুল খায়ের ভূঁইয়া, যুবদল নেতা এডভোকেট আবদুস সালাম আজাদ ও মোয়াজ্জেম হোসেন খান।

সিরাজগঞ্জ থেকে নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতা ছানাউল হক নীরুসহ ৯ জন ছাত্রনেতার বহিষ্কারের দাবীতে এবং ঢাকায় ছাত্রদল সদস্যদের আমরণ অনশনের সমর্থনে সিরাজগঞ্জ জেলা জাতীয়তাবাদী ছাত্রদলের ১৪ জন ছাত্রনেতা আজ একদিনের প্রতীক অনশন পালন করে।